রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, ডিসেম্বর ২২, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ/১৭ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৬৫-আইন/২০১৮।**—সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০০৯ সনের ১৬ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত টেবিলের কলাম (২) এ উল্লিখিত নামে পাঁচটি সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, অতঃপর ট্রাইব্যুনাল বলিয়া উল্লিখিত, গঠন করিল এবং কলাম (২) এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এলাকাকে উহাদের স্থানীয় অধিক্ষেত্র হিসাবে নির্ধারণ করিল, যথা :—

<u>টেবিল</u>

| ক্রমিক নং | ট্রাইব্যুনালের নাম | স্থানীয় অধিক্ষেত্র |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, রাজশাহী। | মহানগরী এলাকাসহ সমগ্র রাজশাহী জেলা। |
| ২। | সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, খুলনা। | মহানগরী এলাকাসহ সমগ্র খুলনা জেলা। |
| ৩। | সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, সিলেট। | মহানগরী এলাকাসহ সমগ্র সিলেট জেলা। |
| ৪। | সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, বরিশাল। | মহানগরী এলাকাসহ সমগ্র বরিশাল জেলা। |
| ৫। | সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, রংপুর। | মহানগরী এলাকাসহ সমগ্র রংপুর জেলা। |


মূল্য : টাকা ৪.০০

২। উক্ত আইনের অধীন মহানগরী এলাকাসহ রাজশাহী, খুলনা, সিলেট, বরিশাল ও রংপুর জেলার বিচারাধীন মামলাসমূহ যে আদালত বা ট্রাইব্যুনালেই বিচারাধীন থাকুক না কেন, এই প্রজ্ঞাপন জারির ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে, উপরি-বর্ণিত টেবিলের কলাম (৩) এ নির্ধারিত স্থানীয় অধিক্ষেত্রভুক্ত ট্রাইব্যুনালে স্থানান্তরিত হইবে।

৩। দফা ২ এর অধীন স্থানান্তরিত কোন মামলা বিচারের ক্ষেত্রে—

(ক) মামলাটি যে পর্যায় হইতে ট্রাইব্যুনালে স্থানান্তরিত হইবে, ট্রাইব্যুনাল সেই পর্যায় হইতেই উক্ত মামলার বিচারকার্য শুরু করিবে;

(খ) যে আদালত হইতে মামলা স্থানান্তর করা হইবে সেই আদালত কর্তৃক গৃহীত সাক্ষ্য ট্রাইব্যুনালের সাক্ষ্য বলিয়া বিবেচিত হইবে এবং ন্যায়বিচারের জন্য প্রয়োজন না হইলে উক্তরূপ সাক্ষ্য পুনরায় গ্রহণ করিবার প্রয়োজন হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী মুশফিক মাহবুব রবিন**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd